

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

পর্বে প্রেরিত প্রেস বিজ্ঞপ্তিটির সংশোধিত
প্রেস বিজ্ঞপ্তি

সঞ্চয়পত্রের সুদ/মুনাফা আয়ের উপর উৎসে আয়কর কর্তন প্রসংগে।

০১। Income Tax (Amendment) Ordinance, 2007 (অধ্যাদেশ নং- ৩২, ২০০৭) এর মাধ্যমে ১লা জানুয়ারী, ২০০৮ তারিখে বা তৎপরবর্তীতে ত্রয়কৃত সঞ্চয়পত্রের সুদ/মুনাফা প্রাপ্তির ক্ষেত্রে বার্ষিক ১,৫০,০০০/- টাকা পর্যন্ত সুদ/মুনাফা আয়কে উৎসে আয়কর কর্তনের আওতা বহির্ভূত রাখা হয়েছে। বার্ষিক সুদ/মুনাফা আয়ের পরিমাণ ১,৫০,০০০/- টাকার অতিরিক্ত হলে কেবল ১,৫০,০০০/- টাকার অতিরিক্ত আয়ের উপর ১০% হারে আয়কর কর্তনের বিধান করা হয়েছে। এইরূপ উৎসে কর্তিত কর চূড়ান্ত করদায় পরিশোধ হিসেবে বিবেচ্য নয়। এরূপ উৎসে কর্তিত কর অগ্রিম আয়কর হিসেবে বিবেচিত হবে এবং করদাতা এরূপ অগ্রিম আয়করের ক্রেডিট প্রাপ্ত হবেন।

০২। যে সকল করদাতার ক্ষেত্রে এরূপ সঞ্চয়পত্রের সুদ/মুনাফা আয় বার্ষিক ১,৫০,০০০/- টাকার অধিক নয় অথচ ১লা জুলাই, ২০০৭ এর পরে আয়কর কর্তন করা হয়েছে সে সকল করদাতার কর্তিত আয়কর আইনানুগ পদ্ধতিতে ফেরৎ প্রদান করা হবে অথবা সমন্বয় করা হবে।

০৩। সঞ্চয়পত্রের সুদ/মুনাফা উত্তোলনের সময় সঞ্চয়পত্রের গ্রাহক ব্যক্তি বা প্রতিষ্ঠানকে কোন ঘোষণাপত্র দাখিল করতে হবে না। কোন গ্রাহকের অন্যান্য সঞ্চয়পত্রের তথ্য চাওয়ার বা অন্যান্য অর্জিত মুনাফার তথ্য চাওয়ার বা কোন ছক পূরণের প্রয়োজন নেই। এমনকি টিআইএন আছে কিনা তাও জানার দরকার নেই।

০৪। উপরোক্ত স্পষ্টীকরণের আলোকে জাতীয় সঞ্চয় পরিদপ্তর ও সংশ্লিষ্ট ব্যাংক/ডাকঘরসমহকে সঞ্চয়পত্রের গ্রাহকদের প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ প্রদানের অনুরোধ করা যাচ্ছে।

প্রাপক
প্রধান তথ্য কর্মকর্তা
বাংলাদেশ সচিবালয়
ক্লিনিক ভবন, ঢাকা।

(মোঃ মোস্ফা কামাল পাঠান)
জনসংযোগ কর্মকর্তা
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৩৪৬৮২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

পর্বে প্রেরিত প্রেস বিজ্ঞপ্তিটির সংশোধিত
প্রেস বিজ্ঞপ্তি

সঞ্চয়পত্রের সুদ/মুনাফা আয়ের উপর উৎসে আয়কর কর্তন প্রসংগে।

০১। Income Tax (Amendment) Ordinance, 2007 (অধ্যাদেশ নং- ৩২, ২০০৭) এর মাধ্যমে ১লা জানুয়ারী, ২০০৮ তারিখে বা তৎপরবর্তীতে ত্রয়কৃত সঞ্চয়পত্রের সুদ/মুনাফা প্রাপ্তির ক্ষেত্রে বার্ষিক ১,৫০,০০০/- টাকা পর্যন্ত সুদ/মুনাফা আয়কে উৎসে আয়কর কর্তনের আওতা বহির্ভূত রাখা হয়েছে। বার্ষিক সুদ/মুনাফা আয়ের পরিমাণ ১,৫০,০০০/- টাকার অতিরিক্ত হলে কেবল ১,৫০,০০০/- টাকার অতিরিক্ত আয়ের উপর ১০% হারে আয়কর কর্তনের বিধান করা হয়েছে। এইরূপ উৎসে কর্তিত কর চূড়ান্ত করদায় পরিশোধ হিসেবে বিবেচ্য নয়। এরূপ উৎসে কর্তিত কর অগ্রিম আয়কর হিসেবে বিবেচিত হবে এবং করদাতা এরূপ অগ্রিম আয়করের ক্রেডিট প্রাপ্ত হবেন।

০২। যে সকল করদাতার ক্ষেত্রে এরূপ সঞ্চয়পত্রের সুদ/মুনাফা আয় বার্ষিক ১,৫০,০০০/- টাকার অধিক নয় অথচ ১লা জুলাই, ২০০৭ এর পরে আয়কর কর্তন করা হয়েছে সে সকল করদাতার কর্তিত আয়কর আইনানুগ পদ্ধতিতে ফেরৎ প্রদান করা হবে অথবা সমন্বয় করা হবে।

০৩। সঞ্চয়পত্রের সুদ/মুনাফা উত্তোলনের সময় সঞ্চয়পত্রের গ্রাহক ব্যক্তি বা প্রতিষ্ঠানকে কোন ঘোষণাপত্র দাখিল করতে হবে না। কোন গ্রাহকের অন্যান্য সঞ্চয়পত্রের তথ্য চাওয়ার বা অন্যান্য অর্জিত মুনাফার তথ্য চাওয়ার বা কোন ছক পূরণের প্রয়োজন নেই। এমনকি টিআইএন আছে কিনা তাও জানার দরকার নেই।

০৪। উপরোক্ত স্পষ্টীকরণের আলোকে জাতীয় সঞ্চয় পরিদপ্তর ও সংশ্লিষ্ট ব্যাংক/ডাকঘরসমহকে সঞ্চয়পত্রের গ্রাহকদের প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ প্রদানের অনুরোধ করা যাচ্ছে।

প্রাপক
বার্তা সম্পাদক
ইউএনবি
৬৯/১, নিউ সার্কুলার রোড, মালিবাগ, ঢাকা-১২১৭।

(মোঃ মোস্ফা কামাল পাঠান)
জনসংযোগ কর্মকর্তা
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৩৪৬৮২৪